ফাতওয়া নাম্বার:৩১৪ প্রকাশকালঃ২৬-১২-২০২২ ইং

কাজের স্বার্থে বাড়ি থেকে দূরের কোনো জেলায় অবস্থান করলে কি মুসাফির হবো?

প্রশ্নঃ

বর্তমানে আমি আমার মূল বাড়ি থেকে সফর পরিমাণ দূরত্বে অবস্থিত একটি জেলাতে আছি। এখানে আমার দুই বছর থাকার ইচ্ছা। কিন্তু এখানে আমি নির্ধারিত কোনো স্থান নিতে পারিনি ফলে জেলার কোথাও একসাথে ১৫ দিন থাকা হয় না। এমন নিয়তও করতে পারি না। কাজের স্বার্থে পুরো জেলায় ঘুরে ঘুরে থাকতে হয়। কিছুদিন এখানে। কিছুদিন ওখানে। এখন আমি জানতে চাচ্ছি, আমি কি মুসাফির হবো? না মুকিম?

উত্তরঃ

আপনি যদি বাস্তবেই কোনো এক স্থানে তথা কোনো এক গ্রামে বা শহরে পনেরো দিন থাকার নিয়তে অবস্থান করতে না পারেন, তাহলে আপনি ওই জেলায় যতোদিনই থাকেন, মুসাফির থাকবেন। কারণ মুকিম হওয়ার জন্য একই গ্রামে বা একই শহরে ন্যূনতম পনেরো দিন অবস্থানের নিয়ত করতে হয়। -কিতাবুল আছল: ১/২৩৩; মাবসূত: ১/২৩৬; শামী: ২/১২৬; বাদায়ে সানায়ে: ১/৯৮; হিন্দিয়া: ১/১৪০; মাওসূয়াহ:২৭/২৮৫

فقط والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০৫-১৪৪৪ হি.

০২-১১-২০২২ ঈ.